

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২১. যেকোন বিষয়ে ফতওয়া চাওয়ামাত্রই যে ব্যক্তি লোকদেরকে ফতওয়া দিয়ে বেড়ায়- তার সম্পর্কে

باب في الذي يفتي الناس في كل ما يستفتى

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَوْنٍ، عَنْ خَالِدِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنْ أَبِي الْبَخْتَرِيِّ، وَزَاذَانَ، قَالَا: قَالَ عَلِيُّ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ " وَا بَرْدَهَا عَلَى الْكَبِدِ إِذَا سُئِلْتُ عَمَّا لَا أَعْلَمُ، أَنْ أَقُولَ: اللَّهُ أَعْلَمُ

إسناده ضعيف خالد بن عبد الله متأخر السماع من عطاء

বাংলা

১৮১. আবুল বুখতারী ও যাজান উভয়ে বর্ণনা করেন, আলী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, আহ! হৃদয়ে শীতলতা দানকারী কতই না উত্তম কথা, যে কোন অজানা বিষয়ে আমার নিকট কিছু জিজ্ঞাসা করা হলে তার জবাবে আমার একথা বলা, 'আল্লাহ-ই সবচেয়ে ভাল জানেন'![1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যয়ীফ। খালিদ ইবনু আব্দুল্লাহ 'আতা থেকে হাদীস শোনা হতে পিছিয়ে। (তবে পরবর্তী হাদীসের তাখরীজে বলা হয়েছে খতীব, ফাকিহ ওয়াল মুতাফাক্কিহ ২/১৭১ এ বর্ণিত হাদীসটির সনদ শাহিদের কারণে সহীহ।)

তাখরীজ: ইবনু আব্দুল বার, জামি' বায়ানুল ইলম, নং ১৪০৫। পরবর্তী হাদীসটি দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন